

🔳 আল-জাসিয়া | Al-Jathiya | ٱلْجَاثِيَة

আয়াতঃ ৪৫: ২৯

💵 আরবি মূল আয়াত:

هٰذَا كِتٰبُنَا يَنطِقُ عَلَيكُم بِالحَقِّ اَ إِنَّا كُنَّا نَستَنسِخُ مَا كُنتُم تَعمَلُونَ ﴿ ٢٩﴾

'এটি আমার লেখনী, যা তোমাদের ব্যাপারে সত্য সহকারে কথা বলবে; নিশ্চয় তোমরা যা করতে আমি তা লিখে রাখতাম'। — আল-বায়ান

আমার এ কিতাব তোমাদের ব্যাপারে সত্য কথাই বলবে, তোমরা যা করতে আমি তাই-ই লিখে রাখতাম। — তাইসিকল

এই আমার লিপি, এটা তোমাদের বিরুদ্ধে সত্য সাক্ষ্য দিবে। তোমরা যা করতে তা আমি লিপিবদ্ধ করেছিলাম। — মুজিবুর রহমান

This, Our record, speaks about you in truth. Indeed, We were having transcribed whatever you used to do." — Sahih International

২৯. এই আমাদের লেখনি, যা তোমাদের ব্যাপারে সাক্ষ্য দেবে সত্যভাবে। নিশ্চয় তোমরা যা আমল করতে তা আমরা লিপিবদ্ধ করেছিলাম।

তাফসীরে জাকারিয়া

(২৯) আমার (নিকট সংরক্ষিত) এ আমলনামা যা তোমাদের ব্যাপারে সত্য কথা বলবে।[1] তোমরা যা করতে নিশ্চয় আমি তা লিপিবদ্ধ করাতাম।'[2]

[1] كتاب (রজিষ্টার)-কে বুঝানো হয়েছে, যাতে মানুষের সমস্ত আমল লেখা থাকবে।
"আমলনামা সামনে উপস্থিত করা হবে এবং আম্বিয়া ও সাক্ষীগণকে
আনা হবে।" (যুমারঃ ৬৯) এই আমলনামা মানুষের জীবনের এমন পরিপূর্ণ লিখিত বিবরণ হবে, যাতে কোন
প্রকারের কমবেশী হবে না। মানুষ তা দেখে বলে উঠবে, الكهف "এই কিছুই বাদ দেয়নি; বরং এ সমস্ত কিছুর হিসাব রেখেছে!"



(কাফাঃ ৪৯)

[2] অর্থাৎ, তোমাদের আমল সম্বন্ধে আমার তো জানা আছেই। এ ছাড়াও আমার ফিরিশতাগণ আমার নির্দেশে তোমাদের প্রত্যেকটি কর্মাকর্ম লিপিবদ্ধ করত এবং সুরক্ষিত রাখত।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4502

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন